

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ: ১ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/১৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৫২-আইন/২০১৪।—পরিসংখ্যান আইন, ২০১৩ (২০১৩ সনের ১২ নম্বর আইন) এর ধারা ২৬, ধারা ১১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) “আইন” অর্থ পরিসংখ্যান আইন, ২০১৩ (২০১৩ সনের ১২ নং আইন);

(২) “ধারা” অর্থ আইনের ধারা;

(৩) “নীতিমালা” অর্থ ধারা ২৭ এর অধীন ব্যুরো কর্তৃক প্রণীত নীতিমালা;

(৪) “পরিসংখ্যান” অর্থ পরিসংখ্যান বিজ্ঞান বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণক্রমে শুমারি বা সেন্সাস ও জরিপের মাধ্যমে সংগৃহীত ও প্রকাশিত তথ্য;

(৫) “ফরম” অর্থ এই বিধিমালার কোন ফরম;

(৬) “ব্যুরো” অর্থ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো;

(৭) “মহাপরিচালক” অর্থ ব্যুরোর মহাপরিচালক;

(৮) “সংস্থা” অর্থ ব্যুরো ব্যতীত অন্য কোন মন্ত্রণালয়, বিভাগ বা উহাদের অধীনস্ত দপ্তর, অধিদপ্তর বা সংস্থা।

(১৫২৮৯)

মূল্যঃ টাকা ৮.০০

৩। সংস্থা কর্তৃক অনাপত্তি গ্রহণ।—(১) ব্যুরো যে সকল বিষয়ে পরিসংখ্যান প্রণয়ন করে না কোন সংস্থা সেই সকল বিষয়ে, নীতিমালা অনুসরণক্রমে এবং ব্যুরোর অনাপত্তি গ্রহণপূর্বক, পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন ব্যুরোর অনাপত্তি গ্রহণ করিবার জন্য ফরম-১ এর মাধ্যমে মহাপরিচালক বরাবর আবেদন দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর উহা যাচাই-বাছাইয়ের সুবিধার্থে ব্যুরো, প্রয়োজনে, আবেদন প্রাপ্তির ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে আবেদনকারী সংস্থার নিকট হইতে এতদসংশ্লিষ্ট কোন তথ্য চাহিয়া পত্র প্রেরণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, ব্যুরো কেবল একবারের জন্য উক্তরূপ চাহিদাপত্র প্রেরণ করিতে পারিবে।

(৪) সংস্থা উপ-বিধি (৩) এর অধীন চাহিদাপত্র প্রেরণের তারিখ হইতে ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে ব্যুরোর নিকট চাহিত তথ্য দাখিল করিবে।

(৫) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির বা, ক্ষেত্রমত, উপ-বিধি (৪) এর অধীন তথ্য প্রাপ্তির ২১ (একুশ) কর্মদিবসের মধ্যে ব্যুরো, সংশ্লিষ্ট আবেদন যাচাই বাছাই করিয়া, সংশ্লিষ্ট সংস্থাকে পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের জন্য ফরম-২ এর মাধ্যমে অনাপত্তি প্রদান করিবে কিংবা অনাপত্তি প্রদানে অসম্মত হইলে আবেদনকারী সংস্থাকে উল্লিখিত সময়ের মধ্যে কারণ উল্লেখপূর্বক ফরম-৩ এর মাধ্যমে অবহিত করিবে:

তবে শর্ত থাকে যে, ব্যুরো যুক্তিসংগত কারণে উক্ত সময়ের মধ্যে অনাপত্তি প্রদানে অসম্মত হইলে অনধিক আরও ৭ (সাত) কর্মদিবস সময় গ্রহণ করিতে পারিবে।

৪। পরিসংখ্যানের দ্বৈততা পরিহার।—(১) ব্যুরো এই বিধিমালার অধীন অনাপত্তি প্রদানের ক্ষেত্রে অন্যান্য সংস্থা কর্তৃক প্রণীত বা প্রণীতব্য পরিসংখ্যানের দ্বৈততা পরিহারের বিষয়টি গুরুত্বের সহিত বিবেচনা করিবে।

(২) ব্যুরো একই বিষয়ে একাধিক সংস্থার নিকট হইতে আবেদন প্রাপ্ত হইলে পরিসংখ্যানের দ্বৈততা পরিহারের নিমিত্ত ১০ (দশ) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট সংস্থাসমূহের সহিত আলোচনাক্রমে বিষয়টি নিষ্পত্তি করিবে এবং উক্তরূপে নিষ্পত্তির পর ২১ (একুশ) কর্মদিবসের মধ্যে উহার অনাপত্তি কিংবা অসম্মতি জ্ঞাপন করিবে।

৫। অনাপত্তি প্রদানে বিলম্বের ক্ষেত্রে করণীয়।—বিধি ৩ এর উপ-বিধি (৫) বা বিধি ৪ এর উপ-বিধি (২) এ বর্ণিত সময়সীমার মধ্যে ব্যুরো উহার অনাপত্তি প্রদানে সমর্থ না হইলে, আবেদনকারী সংস্থা ব্যুরোকে লিখিতভাবে অবহিত করিয়া পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করিতে পারিবে।

৬। নির্ধারিত সময়সীমার মধ্যে পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ, ইত্যাদি।—(১) ব্যুরোর অনাপত্তি প্রাপ্তির পর সংশ্লিষ্ট সংস্থা তদকর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে উহার পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করিবে।

